MentorBD
mentorbd.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর, সেকশন-২, ঢাকা-১২১৬
web: www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০০.০০০০.১০৭.১১.০০৮.২০১৬(অংশ-১)-**১৬৮৬**

তারিখ : ৩০ শ্রাবণ ১৪৩২।
১৪ আগস্ট ২০২৫।

## নিয়োগ বিজ্ঞপ্তি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও অধীনস্থ দপ্তরসমূহের রাজস্বখাতভূক্ত তৃতীয় শ্রেণির নিম্নোক্ত পদসমূহের বিদ্যমান শূন্য পদে নামের পাশে বর্ণিত বেতনস্কেল ও গ্রেডে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে (রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা ব্যতিত) **https://dper.teletalk.com.bd** ওয়েবসাইটে দরখাস্ত আহবান করা যাচ্ছে। উক্ত পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা, প্রয়োজনীয় অভিজ্ঞতা ও অন্যান্য বিবরণ নিম্নে উল্লেখ করা হলো।

| ক্রঃ নং | পদ নাম | পদ সংখ্যা | বেতনস্কেল ২০১৫ অনুযায়ী | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | সহকারী লাইব্রেরিয়ান কাম ক্যাটালগার | ২৪ টি | টাকা ১১,৩০০-২৭,৩০০/-<br>১২তম গ্রেড<br>(বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ | সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) অথবা গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে ডিপ্লোমাসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| ২. | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ০৬টি | টাকা ১১,০০০-২৬,৫৯০/-<br>১৩তম গ্রেড<br>(বেতন ও ভাতাদি) আদেশ ২০১৫ | সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে; এবং<br>(গ) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তপশিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হওয়াসহ তপশিল-৩ অনুযায়ী সাঁটলিপিতে ইংরেজিতে ৮০ এবং বাংলায় ৫০ শব্দের গতি থাকতে হবে এবং কম্পিউটারে ইংরেজিতে ৩০ এবং বাংলায় ২৫ শব্দের গতি থাকতে হবে। |
| ৩. | উচ্চমান সহকারী-কাম- হিসাবরক্ষক | ১১৫টি | টাকা ১০,২০০-২৪,৬৮০/-<br>১৪তম গ্রেড<br>(বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ | সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষায় স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা। |
| ৪. | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ১৪টি | টাকা ১০,২০০-২৪,৬৮০/-<br>১৪তম গ্রেড<br>(বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ | সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে; এবং<br>(গ) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ |

MentorBD
mentorbd.com

| ক্রঃ নং | পদ নাম | পদ সংখ্যা | বেতনস্কেল ২০১৫ অনুযায়ী | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | বিধিমালা, ২০১৯ এর তপশিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হওয়াসহ তপশিল-৩ অনুযায়ী সাঁটলিপিতে ইংরেজিতে ৭০ এবং বাংলায় ৪৫ শব্দের গতি থাকতে হবে এবং কম্পিউটারে ইংরেজিতে ৩০ এবং বাংলায় ২৫ শব্দের গতি থাকতে হবে । |
| ৫. | ভান্ডার রক্ষক | ০৫টি | টাকা ৯,৩০০-২২,৪৯০/-<br>১৬তম গ্রেড<br>(বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ | সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা। |

**শর্তসমূহ:**

১। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ https://dper.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২০ আগষ্ট, ২০২৫ খ্রিষ্টাব্দ সকাল-১০:০০ ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১০ সেপ্টেম্বর, ২০২৫ বিকাল-০৫:০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সর্ম্পকে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ১ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১৫০/- টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১৮/- টাকাসহ মোট ১৬৮/- টাকা এবং এবং ২ থেকে ৫ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২/- টাকাসহ মোট ১১২/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে অনগ্রসর প্রার্থীদের (শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃগোষ্ঠী এবং তৃতীয় লিঙ্গ) ক্ষেত্রে সকল পদে আবেদন ফি বাবদ ৫০/- টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/- টাকাসহ মোট ৫৬/- টাকা। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

SMS নিয়মাবলী:

প্রথম SMS : **DPER**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **DPER ABCDEF** & send to 16222

Reply: Applicant's Name, TK-168/112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DPER <Space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: **DPER** <space>**Yes**<space> **PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **DPER Yes 12345678** & send to 16222

Reply: Congratulations! Applicant's Name, Payment completed successfully for DPER Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

৪। অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণদর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগপ্রাপ্তির পরেও অসত্য/ভুল প্রমাণিত হলে তাঁর দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তাঁর বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। প্রার্থী লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর নিম্নবর্ণিত কাগজপত্রাদির অনুলিপি ন্যূনতম ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, সেকশন ২, ঢাকা ১২১৬ ঠিকানায় জমা দিতে হবে। আবেদনপত্রের সঙ্গে নিম্নেবর্ণিত কাগজপত্রাদি জমা দিতে হবে-

(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা ও প্রশিক্ষণ (যদি থাকে) এর সনদ/প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি;

(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র;

(গ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত কপি;

(ঘ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(ঙ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং সিটি কর্পোরেশন এলাকা হলে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী পরিচিতি বিষয়ক সনদপত্র;

(চ) ডাউনলোডকৃত Applicant copy এর সত্যায়িত কপি;

(ছ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;

MentorBD

৬। যোগ্যতা থাকলে একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন। এজন্য তাকে আলাদা আলাদা ফি জমা দিতে হবে। তবে একই সঙ্গে পরীক্ষা অনুষ্ঠিত হলে কেবল একটি পদে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

৭। আবেদন জমা দেয়ার সর্বশেষ তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩২ বৎসরের মধ্যে হতে হবে। বয়স নিরূপণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৮। উপর্যুক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে লিখিত, ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে।

৯। প্রার্থীকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। নিয়োগযোগ্য পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হবে।

১১। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১২। নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধিবিধান/জনপ্রশাসন মন্ত্রণালয়ের জারিকৃত সর্বশেষ প্রজ্ঞাপন প্রতিপালিত হবে।

১৩। নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারী বিধি-বিধান এবং পরবর্তীকালে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন করা হলে তা অনুসরণ করা হবে।

১৪। এ বিজ্ঞপ্তিতে আবেদন করা চাকরি পাওয়ার নিশ্চয়তা প্রদান করে না। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করা এবং পূর্ণাঙ্গ/আংশিক বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১৫। বিজ্ঞপ্তিটি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে (www.dpe.gov.bd) এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েবসাইটে (https://dper.teletalk.com.bd) পাওয়া যাবে।

MentorBD
mentorbd.com

স্বাক্ষরিত/-
আবু নূর মোঃ শামসুজ্জামান
মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।